তারিখ ·· 06 MAY 2016 ···
পৃষ্ঠা ··· ১৪ ··· কলাম ··· ৫ ······

দৈনিক
ইত্তেফাক

# ছাত্রীর শ্লীলতাহানির চেষ্টার অভিযোগে কুষ্টিয়ায় অধ্যক্ষের বাসভবন ভাঙচুর

■ কুষ্টিয়া প্রতিনিধি

কুষ্টিয়া সরকারি বিশ্ববিদ্যালয় কলেজের এক ছাত্রীর শ্লীলতাহানির চেষ্টার অভিযোগে বিক্ষুব্ধ ছাত্ররা কলেজের অধ্যক্ষের বাসভবন ঘেরাও ও ভাঙচুর করেছে। ছাত্ররা অধ্যক্ষকে অবরুদ্ধ করে রাখে এবং ক্যাম্পাসে অবস্থিত সরকারি বাসভবনে ভাঙচুর চালায়। গতকাল বৃহস্পতিবার রাতে এ ঘটনা ঘটে। উত্তপ্ত পরিস্থিতি সামাল দিতে ক্যাম্পাসে ব্যাপক পুলিশ মোতায়েন করা হয়েছে।

নির্যাতিত ছাত্রীর অভিযোগ, বৃহস্পতিবার বিকালে সাড়ে ৫টার দিকে অধ্যক্ষ বদরুদ্দোজা, বিশেষ প্রয়োজন আছে বলে তাকে বাসভবনে ডেকে নিয়ে শ্লীলতাহানির চেষ্টা করে। এ বিষয়ে অধ্যক্ষ বদরুদ্দোজা বলেন, একটি মোবাইল ফোন হারানো ঘটনায় মেয়েটিকে বাসায় ডেকে পাঠিয়েছিলাম, তবে ধর্ষণ বা শ্লীলতাহানির অভিযোগ সম্পূর্ণরূপে অসত্য।